মডিউল - ৭

বিষয়ঃ দলবৃত্ত ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্য।

মিলন মণ্ডল
সহকারী অধ্যাপক,বাংলা বিভাগ
এস.আর.ফতেপুরিয়া কলেজ,বেলডাঙ্গা।

দলবৃত্ত ছন্দঃ- যে কাব্য-ছন্দে মূল পর্ব শুধু চার মাত্রার হয়, তাহাকে স্বরবৃত্ত বা দলবৃত্ত ছন্দ বলে। ইহাকে বলবৃত্ত বা শ্বাসাঘাত প্রধান বা ছড়ার ছন্দও বলে।

বৈশিষ্ট্যঃ- (১) মূল পর্ব চার মাত্রার হয়।

(২) প্রতি পর্বে প্রথম অক্ষরে একটা শ্বাসাঘাত থাকে।

(৩) যে কোন অক্ষর এক মাত্রার হয়।

(৪) যুক্তব্যঞ্জনের সংশ্লিষ্ট উচ্চারণ হয়।

(৫) দ্রুত লয় থাকে।

উদাহরনঃ- আমার ঘরে / ছুটির বন্যা / তোমার লাফে / ঝাঁপে ।। ৪+৪+৪+২

কাজকর্ম / হিসাবকিতাব / থরথরিয়ে / কাঁপে ।। ৪+৪+৪+২

রবীন্দ্রানাথ

সম্ভাব্য প্রশ্নঃ- (১) দলবৃত্ত ছন্দ বলতে কি বোঝ ? দলবৃত্ত ছন্দের উদাহরণ সহ বৈশিষ্ট্য আলোচনা করো ।

(২) ছড়ার ছন্দ বলতে কি বোঝ? উদাহরণ সহ বুঝিয়ে দাও।

সহায়ক গ্রন্থঃ- (১) বাঙলা ছন্দ-জীবেন্দ্র সিংহরায় ।

(২) বাংলা ছন্দঃ রূপ ও রীতি-ডঃ মিহির চৌধুরী কামিল্যা।